গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০ আশ্বিন ১৪১১/৫ অক্টোবর ২০০৪

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-২/২০০৪/১৯২**—মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-মপবি/শা-ক্রঃঅঃ/অর্থ-০৭/২০০৪-৩২৩ তারিখ ঃ ১৭ আশ্বিন ১৪১১/০২ অক্টোবর ২০০৪ প্রজ্ঞাপনমূলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশ বেসরকারী বিনিয়োগ নির্দেশিকা (Bangladesh Private Sector Infrastructure Guidelines) জারী করিয়াছে। উক্ত নির্দেশিকার আওতায় বেসরকারী বিনিয়োগপুষ্ট অবকাঠামো প্রকল্পের সমন্বয়, পরিবীক্ষণ ও অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে নিম্নরূপে একটি বেসরকারী অবকাঠামো কমিটি/Private Infrastructure Committee (PICOM) গঠন করা হইল ঃ

| | |
|---|---|
| (১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সভাপতি |
| (২) সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৩) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| (৪) সচিব, আভ্যন্তরিণ সম্পদ বিভাগ | সদস্য |
| (৫) সদস্য, (সংশ্লিষ্ট উইং), পরিকল্পনা কমিশন | সদস্য |
| (৬) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৭) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ | সদস্য |
| (৮) গভর্ণর/প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (৯) সভাপতি, এফআইসিসিআই | সদস্য |
| (১০) সভাপতি, এফবিসিসিআই | সদস্য |
| (১১) নির্বাহী চেয়ারম্যান/সদস্য, বিনিয়োগ বোর্ড | সদস্য-সচিব। |

কমিটি প্রয়োজনে আরও সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

**২। কমিটির (পাইকেমের) কার্যপরিধি ঃ**

(ক) দেশের সমন্বিত অবকাঠামোর প্রয়োজনীয়তার দিকে লক্ষ্য রাখিয়া পরিকল্পনা কমিশন, লাইন মিনিস্ট্রি ও বেসরকারী খাতের সহযোগিতায় বেসরকারী খাতে অবকাঠামো প্রকল্প গ্রহণ নিশ্চিত করা;

(খ) অবকাঠামো প্রকল্পে অর্থায়ন, নির্মাণ, রক্ষণাবেক্ষণ/পরিচালনায় বেসরকারী খাতের অংশগ্রহণে সমর্থন প্রদান (promote) করা;

(গ) বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রকল্প বাস্তবায়নের প্রকৃত অগ্রগতি পরিবীক্ষণ করা;

(ঘ) বেসরকারী অবকাঠামো প্রকল্পের প্রাক-উদ্যোগ মূল্যায়ন (formative evaluation) এবং পরবর্তীকালে প্রকল্পের সুষ্ঠ বাস্তবায়নে সহায়তা করা;

(ঙ) স্টেক হোল্ডা (stake holder) এবং গণমাধ্যমকে স্বচ্ছতার ভিত্তিতে কমিটির সকল কার্যক্রম সম্পর্কে অবহিত রাখা এবং ওয়েব সাইডে কমিটির কার্যক্রম ও সিদ্ধান্তসমূহ প্রকাশ করা;

(চ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুরোধের ভিত্তিতে বৃহৎ অবকাঠামো প্রকল্পের ক্ষেত্রে বিনিয়োগকারীর সাথে নেগোসিয়েশনে সহায়তা করা;

(ছ) আন্তঃমন্ত্রণালয় সম্পৃক্ত বিষয়সমূহ নিষ্পত্তি করিয়া বিনিয়োগ প্রক্রিয়া সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ ত্বরান্বিত করা;

(জ) প্রস্তাবিত প্রকল্প যেন বিদ্যমান আর্থ-সামাজিক ও পরিবেশ নীতি অনুযায়ী এবং আইনানুগ হয় তাহা পরিবীক্ষণ করা;

(ঝ) বেসরকারী অবকাঠামো প্রকল্প সম্বন্ধে ধারণা লাভ ও উহার ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকারী কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা এবং এই প্রক্রিয়ায় প্রশিক্ষিত কর্মকর্তাগণ যাহাতে লাইন মিনিস্ট্রিতে কর্মরত থাকেন তাহা নিশ্চিত করা;

(ঞ) স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী বিনিয়োগে বিনিয়োগকারীদের উৎসাহিত করিবার লক্ষ্যে নতুন আইন, প্রবিধান এবং নীতি তৈরীতে সমর্থন প্রদান (promote) করিয়া বেসরকারী খাতের অবকাঠামো প্রকল্পের সফল বাস্তবায়নের জন্য সহায়ক পরিবেশ তৈরী করা;

(ট) বাংলাদেশে বেসরকারী অবকাঠামো প্রকল্পের অনিশ্চিত দায় (contingent liability) ও এই ধরণের প্রকল্পের সাথে জড়িত অন্যান্য বিষয়সমূহ পরিবীক্ষণ করা;

(ঠ) বিনিয়োগের ক্ষেত্রে সহায়ক পরিবেশের অভাব পরিলক্ষিত হইলে তাহার কারণসমূহ চিহ্নিত ও বিশ্লেষণ করা এবং যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উপযুক্ত কর্তৃপক্ষের কাছে তাহা পেশ করা।

৩। বিনিয়োগ নির্দেশিকায় সুনির্দিষ্টভাবে উল্লেখকৃত ক্ষমতা প্রয়োগ করিয়া কমিটি (পাইকম) উর্পযুক্ত কার্যাবলী সম্পাদন করিবে।

৪। কমিটি (পাইকম) সকল ক্ষেত্রে Bangladesh Private Infrastructure Guidelines যথাযথভাবে অনুসরণ করিয়া কার্যক্রম পরিচালনা করিবে।

৫। বিনিয়োগ বোর্ড কমিটিকে (পাইকমকে ) সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৬। কমিটি (পাইকম) প্রতি তিন মাসে অন্ততঃ একবার বৈঠকে মিলিত হইবে।

৭। এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ৯ কার্তিক ১৪১১/২৪ অক্টোবর ২০০৪

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-৭/২০০৪/২০১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ক্যাবল টেলিভিশন নেটওয়ার্ক নীতিমালার খসড়া পরীক্ষা-নিরীক্ষা পূর্বক পুনঃ প্রণয়ন করার জন্য নিম্নরূপভাবে একটি মন্ত্রিসভা কমিটি গঠন করেছে ঃ

(ক) কমিটির নাম ঃ "ক্যাবল টেলিভিশন নেটওয়ার্ক নীতিমালা পুনঃ প্রণয়ন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি "।

**(খ) কমিটির গঠন ঃ**

| | |
|---|---|
| (১) মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | সভাপতি |
| (২) মন্ত্রী, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| (৩) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | সদস্য |
| (৪) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৫) মন্ত্রী, পররাষ্ট্র বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৬) প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৭) প্রতিমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |

**(খ) কমিটিকে সহায়তাদানকারী কর্মকর্তা ঃ**

(১) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
(২) সচিব, পররাষ্ট্র বিষয়ক মন্ত্রণালয়
(৩) সচিব, শিক্ষা মন্ত্রণালয়
(৪) সচিব, তথ্য মন্ত্রণালয়
(৫) সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
(৬) সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়
(৭) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) তথ্য মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত ক্যাবল টেলিভিশন নেটওয়ার্ক নীতিমালার খসড়া পরীক্ষা-নিরীক্ষা পুর্বক উক্ত নীতিমালার খসড়া পুনঃ প্রণয়ন।

২। কমিটি আগামী তিন মাসের (২৩ জানুয়ারী ২০০৫) মধ্যে প্রতিবেদন পেশ করবে।

৩। তথ্য মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭ অক্টোবর ২০০৪/১২ কার্তিক ১৪১১

নং **মপবি/কঃবিঃশাঃ/মসক-৩/২০০৪/২০৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ৪ অক্টোবর ১৯৯৮ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-১০/৯৮/১০১ নম্বর প্রজ্ঞাপন মূলে "যে সমস্ত আর্ন্তজাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদানের বাস্তব উপযোগিতা বিদ্যমান নেই সে সকল সংস্থা চিহ্নিত করে সুনির্দিষ্ট সুপারিশ প্রদান" করার জন্য গঠিত সচিব কমিটিটি নিম্নরূপভাবে পুর্নগঠন করেছে।

(ক) **কমিটির নামঃ** যে সমস্ত আর্ন্তজাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদানের বাস্তব উপযোগিতা বিদ্যমান নেই সে সকল সংস্থা চিহ্নিত করে সুনির্দিষ্ট সুপারিশ প্রদানের জন্য গঠিত সচিব কমিটি।

(খ) **কমিটির গঠন ঃ**

| | |
|---|---|
| (১) মন্ত্রিপরিষদ সচিব | আহবায়ক |
| (২) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৩) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| (৪) সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৫) সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৬) প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগের সচিব, | সদস্য |

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) কমিটির চাঁদা প্রদানের উপযোগিতা 'আছে' এবং 'নেই' এ দু'ধরণের সংস্থাই চিহ্নিত করবে।

(২) কমিটি আর্ন্তজাতিক সংস্থায় নতুন সদস্যপদ গ্রহণ করার/চাঁদা প্রদানের বিষয়টি বিবেচনা করবে ।

(৩) কমিটি দেয় চাঁদার পরিমাণ প্রয়োজন অনুসারে পুর্নবিবেচনা করবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাবিচিক সহায়তা প্রদান করবে।

৩। অর্থ মন্ত্রণালয় সচিব কমিটির সুপারিশের আলোকে চাঁদা প্রদানের প্রস্তাব মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপন করবে এবং মন্ত্রিসভার সিদ্ধান্তমতে চাঁদা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অনুকূলে অর্থ বরাদ্দ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯ নভেম্বর ২০০৪/১৫ অগ্রহায়ণ ১৪১১

নং **মপবি/কঃবিঃশাঃ/মসক-৮/২০০৪/২১৭**—মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন নং মপবি/সিজে-১/৬-১১/২০০০/২৮১ মূলে ১০ মার্চ ২০০২ তারিখে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপিল বিভাগের সিভিল আপীল নং ৭৯/৯৯ এ বিচার বিভাগ পৃথকীকরণ সংক্রান্ত রায় বাস্তবায়নকল্পে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের মতামত গ্রহণ ও প্রয়োজনীয় বিচার বিশ্লেষণ পূর্বক সুপারিশ প্রণয়নের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটির কার্যক্রম পুনরাদেশ না দেয়া পর্যন্ত স্থগিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১২ ডিসেম্বর ২০০৪/২৮ অগ্রহায়ণ ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-৯/২০০৪/২২৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশ এ্যাক্রিডিটেশন এ্যাক্ট, ২০০৪ এর খসড়া পরীক্ষা-নিরীক্ষা পূর্বক সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপভাবে একটি মন্ত্রিসভা কমিটি গঠন করেছে।

**(ক) কমিটির নাম ঃ** বাংলাদেশ এ্যাক্রেডিটেশন এ্যাক্ট, ২০০৪ এর খসড়া পরীক্ষা-নিরীক্ষা পূর্বক সুপারিশ প্রণয়ন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

**(খ) কমিটির গঠন ঃ**

| | |
|---|---|
| (১) মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | আহবায়ক |
| (২) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (৩) মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | সদস্য |
| (৪) মন্ত্রী, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (৫) মন্ত্রী, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| (৬) মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৭) মন্ত্রী পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৮) প্রতিমন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |

**(গ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) সচিব, শিল্প মন্ত্রণালয়

(২) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

(৩) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(৪) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৫) সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়

(৬) সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়

**(ঘ) কমিটির কার্যপরিধি ঃ**

১। কমিটি বাংলাদেশ এ্যাক্রেডিটেশন এ্যাক্ট, ২০০৪-এর খসড়া পরীক্ষা-নিরীক্ষা পূর্বক সুপারিশ প্রণয়ন করবে।

২। কমিটি আগামী ১২ ফেব্রুয়ারী ২০০৫ তারিখের মধ্যে সুপারিশসহ তার প্রতিবেদন সরকারের নিকট পেশ করবে।

২। শিল্প মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। এ কমিটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭ ডিসেম্বর ২০০৪/১৩ পৌষ ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-৫/২০০৪/২৩৪**—মন্ত্রিপরিষদ বিভাগের গত ৪ আগস্ট ২০০৪/২০ শ্রাবণ ১৪১১ তারিখে মপবি/কঃবিঃশাঃ/মসক-৫/২০০৪/১৫৯ নম্বর প্রজ্ঞাপনমূলে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীনে গৃহীত প্রকল্পসমূহে নির্বাচিত/নিয়োজিত মূল পরামর্শকের প্রতিস্থাপক পরামর্শক নিয়োগের প্রস্তাব বিবেচনা ও অনুমোদনের জন্য প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীকে সভাপতি করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করে।

২। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব মাননীয় প্রধানমন্ত্রীর উপর ন্যস্ত থাকায় মন্ত্রী হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর স্থলে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীকে উক্ত কমিটির সভাপতি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দায়িত্ব অর্পণ করেছে।

৩। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৪। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৪ জানুয়ারী ২০০৩/১ মাঘ ১৪০৯

**নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১(অংশ-১)/২০০১/০৬**—মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরে প্রেরিত বিভিন্ন মন্ত্রণালয়ের শূন্য পদ পূরণের প্রস্তাবসমূহ প্রাথমিকভাবে পরীক্ষা করিয়া মতামতসহ সুপারিশ "জনপ্রশাসন সংস্কার সংক্রান্ত প্রস্তাব পরীক্ষা করিয়া সুপারিশ প্রণয়নের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটিতে উপস্থাপনের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে একটি উপ-কমিটি গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

| | |
|---|---|
| (১) মন্ত্রীপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | আহবায়ক |
| (২) সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৩) সচিব, সংস্থাপন মন্ত্রণালয় | সদস্য |
| (৪) সংশ্লিষ্ট সচিব | সদস্য |
| (৫) প্রতিনিধি (অতিরিক্ত সচিব পর্যায়ের), প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |

**(খ) কমিটির কার্যপরিধিঃ**

কমিটি প্রধানমন্ত্রীর দপ্তর হইতে প্রাপ্ত বিভিন্ন মন্ত্রণালয়ের শূন্য পদ পূরণ সংক্রান্ত প্রস্তাবসমূহ পর্যালোচনা করিয়া মতামতসহ সুপারিশ "জনপ্রশাসন সংস্কার সংক্রান্ত প্রস্তাব পরীক্ষা করিয়া সুপারিশ প্রণয়নের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি"তে উপস্থাপন করিবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৪ জানুয়ারী ২০০৩/১ মাঘ ১৪০৯

**নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৯/২০০২/০৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১২-১১-৯৮ তারিখের মপবি/শাঃপঃ/ কপগ-১৩/৯৬/১৩৬ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত বাংলাদেশী নাগরিকদের বিদেশে নিয়োগ সংক্রান্ত একটি কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে।

**(ক) কমিটির গঠন ঃ**

| | |
|---|---|
| (১) জনাব হারুনার রশিদ খান মুন্নু, মন্ত্রী, দপ্তরবিহীন | আহবায়ক |
| (২) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৩) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৪) প্রতিমন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (৫) প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| (৬) প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৭) প্রতিমন্ত্রী অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব
(২) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(৩) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
(৪) সচিব, অর্থ বিভাগ
(৫) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
(৬) সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়
(৭) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) জনশক্তি রপ্তানী কার্যক্রমকে গতিশীল করার নীতি নির্ধারণ;

(২) বৈদেশিক মুদ্রা দেশে প্রেরণের সহজ কৌশল বা পদ্ধতি প্রণয়ন;

(২) প্রবাসীদের কল্যাণ নিশ্চিতকরণ;

(৪) মন্ত্রিসভা কমিটি কর্তৃক ইতোপূর্বে গৃহীত সিদ্ধান্ত প্রয়োজনে পর্যালোচনা করা;

(৫) জনশক্তি বিষয়ে বাংলাদেশের বিভিন্ন মিশনের জন্য নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদনের এবং উক্ত লক্ষ্যমাত্রাসমূহের অগ্রগতি পর্যালোচনা।

২। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৫ জানুয়ারী ২০০৩/২ মাঘ ১৪০৯

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-০১/২০০৩/০৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত সমন্বিত আইন পরীক্ষা করিয়া সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপভাবে একটি মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে।

**(ক) কমিটির গঠন ঃ**

| | |
|---|---|
| (১) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | আহবায়ক |
| (২) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৩) মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৪) জনাব হারুনার রশিদ খান মুন্নু, মন্ত্রী, দপ্তরবিহীন | সদস্য |
| (৫) মন্ত্রী, সমাজ কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তা ঃ**

(১) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
(২) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
(৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
(৪) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
(৫) সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়
(৬) অতিরিক্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

১। কমিটি স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের জন্য প্রণীত সমন্বিত আইনের খসড়াটি পরীক্ষা-নিরীক্ষা করিয়া সুপারিশ প্রদান করিবে।
২। সমাজ কল্যাণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।
৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২২ জানুয়ারী ২০০৩/৯ মাঘ ১৪০৯

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-২/২০০৩/২২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশ নৃতাত্ত্বিক জাতিগোষ্ঠীর (পার্বত্য ৩টি জেলা ব্যতীত) সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমুহের জন্য সমন্বিত আইন প্রণয়নের প্রস্তাব পরীক্ষা করে সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপভাবে একটি মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে।

**(ক) কমিটির গঠন ঃ**

| | |
|---|---|
| (১) মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | আহবায়ক |
| (২) মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৩) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | সদস্য |
| (৪) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৫) প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৬) প্রতিমন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয় | সদস্য |

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) সচিব, শিক্ষা মন্ত্রণালয়

(২) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(৩) সচিব, সাংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

(৪) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৫) সচিব, তথ্য মন্ত্রণালয়

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) বাংলাদেশ নৃতাত্তিক জাতিগোষ্ঠীর (পার্বত্য ব্যতীত) সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহের জন্য প্রণীত সমন্বিত খসড়াটি পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রদান করবে।

(২) সাংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মুহম্মদ আবুল কাশেম**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২২ জানুয়ারী ২০০৩/৯ মাঘ ১৪০৯

**নং মপবি/কঃবিঃশাঃ/সক-০১/২০০৩/২৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৯৭ সালের পূর্বে শুরু হওয়া সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদ/জনবল রাজস্বখাতে স্থানান্তর সম্পর্কিত প্রস্তাবসমূহ পরীক্ষা করিয়া সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ সচিব কমিটি গঠন করিয়াছেঃ

**(ক) কমিটির গঠন ঃ**

| | |
|---|---|
| (১) মন্ত্রিপরিষদ সচিব | আহবায়ক |
| (২) সচিব, সংস্থাপন মন্ত্রণালয় | সদস্য |
| (৩) সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ | সদস্য |
| (৫) সচিব সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ | সদস্য |

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) কমিটি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ১৯৯৭ সালের পূর্বে শুরু হওয়া সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদ/জনবল রাজস্বখাতে স্থানান্তর সম্পর্কিত প্রস্তাবসমুহ পরীক্ষা করিয়া রাজস্বখাতে স্থানান্তরযোগ্য পদ/জনবলের ব্যাপারে সুনির্দিষ্ট সুপারিশ প্রদান করবে।

(২) অর্থ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মুহম্মদ আবুল কাশেম**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২২ জানুয়ারী ২০০৩/০৯ মাঘ ১৪০৯

নং **মপবি/কঃবিঃশাঃ/সক-০১/২০০৩/২৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার বিভিন্ন প্রকল্পের পিসিজি/বিধি প্রণয়ণকালে পদ/লোকবলের সংখ্যা নির্ধারণের জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করিয়াছে ঃ—

**কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ | - | আহ্বায়ক |
| (২) | যুগ্ম সচিব, সংস্থাপন মন্ত্রণালয় | - | সদস্য |
| (৩) | সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের যুগ্ম সচিব | - | সদস্য |

**কমিটির কার্যপরিধি ঃ**

কমিটি প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার বিভিন্ন প্রকল্পে পিসিপি/পিপি প্রণয়নকালে প্রকল্পের প্রয়োজন অনুসারে পদ লোকবলের ধরন ও সংখ্যা নির্ধারণের জন্য সুপারিশ প্রদান করিবে।

২। অর্থবিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মুহম্মদ আবুল কাশেম**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ৪ ফেব্রুয়ারী ২০০৩/২২ মাঘ ১৪০৯

নং **মপবি/কঃবিঃশাঃ/কপগ-২৩/২০০২/৩৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "ইসলামী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৮০" এবং "মাদ্রাসা শিক্ষা অধ্যাদেশ, ১৯৭৮" এর সংশোধন প্রসংগে শিক্ষা মন্ত্রণালয় এর প্রস্তাবিত খসড়া আরও পরীক্ষা-নিরীক্ষা করতঃ সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপভাবে একটি মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ—

**কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব আবদুল মান্নান ভূঁইয়া, মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | - | আহবায়ক |
| (২) | ব্যারিস্টার মওদুদ আহমদ, মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| (৩) | জনাব মতিউর রহমান নিজামী, মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| (৪) | জনাব হাফিজ উদ্দিন আহম্মদ, মন্ত্রী, পাট মন্ত্রণালয় | - | সদস্য |
| (৫) | ডঃ ওসমান ফারুক, মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |

**সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) সচিব, শিক্ষা মন্ত্রণালয়

(৩) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ

(৪) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৫) সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

**কমিটির কার্যপরিধি ঃ**

কমিটি যথাশীঘ্র সম্ভব বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করতঃ তাহাদের সুপারিশ মন্ত্রিসভার বিবেচনার জন্য পেশ করিবে।

২। শিক্ষা মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**বদিউর রহমান**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭ ফেব্রুয়ারী ২০০৩/১৫ ফাল্গুন ১৪০৯

নং **মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৫/২০০২/৬৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বুড়িগঙ্গা নদীর নাব্যতা এবং নদীর স্বাভাবিক গতিপ্রবাহ অব্যাহত রাখিবার লক্ষ্যে গঠিত টাস্কফোর্সের সুপারিশসমূহ বাস্তবায়নের নিমিত্ত নিম্নরূপভাবে একটি বাস্তবায়ন কমিটি গঠন করিয়াছে ঃ

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, নৌ-পরিবহণ মন্ত্রণালয় | - সভাপতি |
| (২) | মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) | মন্ত্রী, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | - সদস্য |
| (৪) | প্রতিমন্ত্রী আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) | সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয় | - সদস্য |
| (৬) | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | - সদস্য |
| (৭) | প্রতিনিধি স্বরাষ্ট্র মন্ত্রণালয়, (যুগ্ম-সচিবের পদমর্যাদার নীচে নয়) | - সদস্য |
| (৮) | প্রতিনিধি, ভূমি মন্ত্রণালয়, (যুগ্ম-সচিবের পদমর্যাদার নীচে নয়) | - সদস্য |
| (৯) | প্রতিনিধি পানি সম্পদ মন্ত্রণালয়, (যুগ্ম-সচিবের পদমর্যাদার নীচে নয়) | - সদস্য |
| (১০) | জেলা প্রশাসক, ঢাকা | - সদস্য |
| (১১) | জেলা প্রশাসক, নারায়নগঞ্জ | - সদস্য |
| (১২) | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ | - সদস্য-সচিব |

২। বিআইডব্লিউটিএ বাস্তবায়ন কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**বদিউর রহমান**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ২ মার্চ ২০০৩/১৮ ফাল্গুন ১৪০৯

নং **মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৫/২০০২/৭০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ০২ অক্টোবর, ২০০২ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৫/২০০২/২২৪ নম্বর প্রজ্ঞাপনমূলে 'বুড়িগঙ্গা নদীর নাব্যতা এবং নদীর স্বাভাবিক গতিপ্রবাহ অব্যাহত রাখিবার লক্ষ্যে নদীর উভয় তীরসহ নদীর অভ্যন্তরে অবৈধ দখলসহ অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদ, পরিবেশ সংরক্ষণ ও বুড়িগঙ্গা নদী সংস্কার করিবার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত টাস্কফোর্সের কার্যকাল বৃদ্ধি করিয়াছে। উক্ত বর্ধিত মেয়াদকালে টাস্কফোর্স প্রথম পর্যায়ে বালু ও শীতলক্ষ্যা এবং পরবর্তী পর্যায়ে দেশের অন্যান্য গুরুত্বপূর্ণ নদ-নদীসমূহের নাব্যতা রক্ষাসহ অন্যান্য পরিবেশ উন্নয়নমূলক কার্যক্রমের উপর সুপারিশসহ প্রতিবেদন পেশ করিবে।

২। টাস্কফোর্সের অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**বদিউর রহমান**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ১ এপ্রিল ২০০৩/১৮ চৈত্র ১৪০৯

নং **মপবি/কঃবিঃশাঃ/সক-০৩/২০০৩/৮৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শিল্পনীতির খসড়াটি পুনরায় পরীক্ষা করিয়া পেশ করিবার জন্য নিম্নরূপভাবে একটি সচিব কমিটি গঠন করিয়াছে ঃ—

**কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | সচিব, শিল্প মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| (২) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| (৩) | সচিব, অর্থ বিভাগ | - | সদস্য |
| (৪) | সচিব, বস্ত্র মন্ত্রণালয় | - | সদস্য |
| (৫) | সচিব, পাট মন্ত্রণালয় | - | সদস্য |

২। শিল্প মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**বদিউর রহমান**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৯ এপ্রিল ২০০৩/৬ বৈশাখ ১৪১০

নং মপবি/কঃবিঃশাঃ/মসকগ-২(অংশ-১)/২০০১/১০২—সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, সম্পূর্ণরূপে সরকারী মালিকানাধীন কোম্পানীর সৃষ্টি, অবসান, বিভক্তি বা একীভূত করিবার প্রস্তাব ভবিষ্যতে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির মাধ্যমে মন্ত্রিসভার বিবেচনার জন্য উপস্থাপন করিতে হইবে।

২।ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**বদিউর রহমান**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**সরকারী আদেশ**

নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ তারিখঃ ০৩ মে ২০০৩খ্রি/২০ বৈশাখ ১৪১০

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, রাজস্বখাতে অস্থায়ীভাবে পদ সৃষ্টি, উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে পদ স্থানান্তর, পদ সংরক্ষণ, পদ স্থায়ীকরণ ইত্যাদি বিষয়ে নিম্নরূপ নীতি ও পদ্ধতি অনুসৃত হবে ঃ

(১) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্বশাসিত সংস্থা/অধীনস্থ অফিসসমূহে রাজস্বখাতে অস্থায়ীভাবে পদ সৃষ্টি, এবং উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে পদ স্থানান্তরের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রস্তাব সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক অনুমোদনের পর ০৩ (তিন) বছর পর্যন্ত বছরভিত্তিক পদ সংরক্ষণের ক্ষমতা নিম্নলিখিত শর্তে প্রশাসনিক মন্ত্রণালয়কে দেয়া হলো ঃ

(ক) প্রতি বছর পদ সংরক্ষণের ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় সংরক্ষণের যৌক্তিকতা যথাযথভাবে যাচাই করবে;

(খ) প্রশাসনিক মন্ত্রণালয় কোন পদের পদনাম ও বেতন স্কেল পরিবর্তন করতে পারবে না। পদনাম ও বেতন স্কেল পরিবর্তন করতে হলে সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে;

(গ) কোন পদ এক নাগাড়ে ০২(দুই) বছর শূন্য থাকলে সংস্থাপন মন্ত্রণালয়ের অনুমোদন ছাড়া সংরক্ষণ করা যাবে না;

(ঘ) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পদ সংরক্ষণের জি,ও-এর কপি, সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(ঙ) উন্নয়ন প্রকল্পের পদ রাজস্ব বাজেটে স্থানান্তরের সময় কোন শর্ত আরোপিত হয়ে থাকলে প্রশাসনিক মন্ত্রণালয়কে তা পালন করতে হবে।

(২) এই নীতিমালা বাস্তবায়নের পূর্বে অস্থায়ীভাবে সৃজনকৃত পদসমূহের মধ্যে যে সকল পদের মেয়াদ ৩(তিন) বছর পূর্ণ হয়নি সে সকল পদ প্রশাসনিক মন্ত্রণালয় (১) উপানুচ্ছেদে বর্ণিত শর্ত অনুসরণপূর্বক তিন বছর পর্যন্ত বছরভিত্তিক সংরক্ষণ করতে পারবে।

(৩) এই নীতিমালা বাস্তবায়নের পর কোন কারণে অস্থায়ীভাবে সৃষ্ট পদ তিন বছরের মধ্যে স্থায়ী করা সম্ভব না হলে, সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিক্রমে প্রশাসনিক মন্ত্রণালয় পরবর্তী বছরের জন্য উক্ত পদসমূহ সংরক্ষণ করতে পারবে।

(৪) অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্বশাসিত সংস্থার ন্যায় মন্ত্রণালয়/বিভাগের অস্থায়ী পদও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সম্মতি নিয়ে সংরক্ষণ করা যাবে।

(৫) বর্তমানে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃষ্ট পদ ৫ (পাঁচ) বছর এবং উন্নয়ন প্রকল্প থেকে রাজস্ব খাতে স্থানান্তরিত পদ ৩ (তিন) বছর পর স্থায়ী করার যে বিধান রয়েছে তা রহিত করে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃষ্ট এবং উন্নয়ন প্রকল্প থেকে রাজস্ব খাতে স্থানান্তরিত উভয় ধরণের পদই ৩ (তিন) বছর পর স্থায়ী করা যাবে।

(৬) অস্থায়ীভাবে সৃষ্ট পদ তৃতীয় বছর সংরক্ষণের পর স্থায়ী করার প্রয়োজন হলে যৌক্তিকতাসহ প্রশাসনিক মন্ত্রণালয়, সংরক্ষণের মেয়াদ উত্তীর্ণের কমপক্ষে ৬ (ছয়) মাস পূর্বে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে। উক্ত প্রস্তাব সংস্থাপন মন্ত্রণালয় পরীক্ষা করে প্রয়োজনীয় সংখ্যক পদ স্থায়ী করার সুপারিশ করবে।

(৭) সংস্থাপন মন্ত্রণালয়ের সুপারিশ পাবার পর অর্থ বিভাগের সম্মতি নিয়ে প্রশাসনিক মন্ত্রণালয় অন্যান্য আবশ্যকীয় আনুষ্ঠানিকতা পালন করে সংশ্লিষ্ট মন্ত্রীর অনুমোদনান্তে পদ স্থায়ী করার আদেশ জারি করবে। তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয়/বিভাগের প্রথম শ্রেণীর কর্মকর্তার পদ স্থায়ী করার ক্ষেত্রে প্রধানমন্ত্রীর অনুমোদনের প্রয়োজন হবে।

(৮) এই নীতিমালা বাস্তবায়নের পূর্বে অস্থায়ীভাবে সৃষ্ট পদ উপানুচ্ছেদ (৫), (৬) ও (৭) এব বিধান অনুসরণপূর্বক স্থায়ী করা যাবে।

২। এতদ্বারা সংশ্লিষ্ট বিষয়ে বিদ্যমান প্রাসঙ্গিক আদেশ, নীতি-পদ্ধতি বাতিল/সংশোধন করা হলো।

৩। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

বদিউর রহমান
যুগ্ম-সচিব
ফোন ঃ৭১৬৫৫১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পরিপত্র**

নং মপবি/কঃবিঃশাঃ/সক-৫/২০০৩-১৩৫, তারিখঃ ১১ মে ২০০৩/২৮ বৈশাখ ১৪১০

কার্য বিধিমালা, ১৯৯৬ এর বিধি ১৮(৫)-এ বর্ণিত ক্ষমতাবলে সরকার সুনির্দিষ্টভাবে নির্ধারিত কার্যাবলী সম্পাদনের লক্ষ্যে বিভিন্ন সচিব কমিটি গঠন করে থাকে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি সরকার কর্তৃক এযাবত গঠিত সচিব কমিটিসমূহের মধ্যে একটি অতীব গুরুত্বপূর্ণ কমিটি। এ কমিটির কার্যপরিধির মধ্যে মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/অধিদপ্তর এবং কর্পোরেশন/স্বশাসিত সংস্থার সৃজন কিংবা পুনর্গঠন সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করা অন্যতম প্রধান বিষয়। সম্প্রতি সময় সম্পূর্ণরূপে সরকারী মালিকাধীন কোম্পানীর সৃষ্টি, অবসান, বিভক্তি বা একীভূত করার প্রস্তাব বিবেচনা করাও এ কমিটি কার্যপরিধিভুক্ত করেছে।

প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি কর্তৃক বিবেচনার পূর্বে মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/অধিদপ্তর, নতুন কর্পোরেশন/স্বশাসিত সংস্থার সৃজন কিংবা পুনর্গঠন সংক্রান্ত প্রস্তাব জনপ্রশাসন সংস্কার ও সুশাসন বিষয়ক মন্ত্রিসভা কমিটি কিংবা জোট সরকারের অন্য কোন উচ্চ পর্যায়ে বিবেচনার জন্য উপস্থাপন করার কথা নয়। কিন্তু ইদানিং লক্ষ্য করা গিয়াছে যে, কিছু কিছু ক্ষেত্রে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির বিবেচনার জন্য প্রস্তাব পেশ না করেই সংশ্লিষ্ট বিষয়ে সরাসরি সরকারের উচ্চতর পর্যায়ে বিবেচনার জন্য প্রস্তাব পেশ করা হয়েছে। এরূপ পদক্ষেপ সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে সরকার কর্তৃক নির্ধারিত রীতি-পদ্ধতির পরিপন্থী। এতে সুষ্ঠুভাবে সরকারের গুরুত্বপূর্ণ কার্যনির্বাহ মারাত্মকভাবে বিঘ্নিত হয় এবং বিষয় নিস্পত্তি অযথা বিলম্বিত হয়।

বর্ণিত অবস্থায় মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/অধিদপ্তর, নতুন কর্পোরেশন/স্বশাসিত সংস্থার সৃজন কিংবা পুনর্গঠন সংক্রান্ত প্রস্তাব এবং সম্পূর্ণরূপে সরকারী মালিকানাধীন কোম্পানীর, সৃষ্টি, অবসান, বিভক্তি বা একীভূত করার প্রস্তাব সরাসরি সরকারের অন্যকোন উচ্চতর পর্যায়ে বিবেচনার জন্য পেশ না করে প্রথমে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির বিবেচনার জন্য পেশ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির গঠন ও কার্যপরিধি সংক্রান্ত প্রজ্ঞাপনের কপি এতদসংগে সংযুক্ত করা হলো।

**বদিউর রহমান**
যগ্ম-সচিব।
ফোন ঃ ৭১৬৫৫১০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৩ মে ২০০৩/২০ বৈশাখ ১৪১০

নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১(অংশ-১)/২০০১/১১২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২-৪-২০০২ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-১১/২০০১/৭০-নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত " জনপ্রশাসন সংস্কার সংক্রান্ত প্রস্তাব পরীক্ষা করে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি"-এর নাম পরিবর্তন করিয়া "জনপ্রশাসন সংস্কার ও সুশাসন বিষয়ক কমিটি" করিল।

২। কমিটির গঠন ও কার্যপরিধি অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**বদিউর রহমান**
যুগ্ম-সচিব।
ফোন ঃ ৭১৬৫৫১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৬ মে ২০০৩/২৩ বৈশাখ ১৪১০

নং **মপবি/কঃবিঃশাঃ/সক-৪/২০০৩/১২১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কার্যপ্রণালী বিধিমালা-২০০৩ এর খসড়া পর্যালোচনাপূর্বক ১৫ (পনের) দিনের মধ্যে সুপারিশমালাসহ প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবার জন্য নিম্নোক্তভাবে একটি সচিব কমিটি গঠন করিয়াছে ঃ—

**কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | - | আহ্বায়ক |
| (২) | সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - | সদস্য |
| (৩) | সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| (৪) | সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কার্যপ্রণালী বিধিমালা-২০০৩ এর খসড়া পর্যালোচনা করিয়া প্রয়োজনীয় সুপারিশমালাসহ প্রতিবেদন দাখিল ;

(২) এতদুপলক্ষ্যে কমিটি পার্বত্য চট্টগ্রাম অঞ্চল সংক্রান্ত প্রচলিত আইন-কানুনসহ সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করিবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**বদিউর রহমান**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১০ মে ২০০৩/২৭ বৈশাখ ১৪১০

নং **মপবি/কঃবিঃশাঃ/সক-৫/২০০৩/১৩১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৫ অক্টোবর ২০০১/২০ আশ্বিন ১৪০৭ তারিখের মপবি/প্রশাউ-৬(১)/৯২-৩৬০ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির কার্যপরিধির ক্রমিক নং (৫) এর পর নিম্নরূপ ক্রমিক নং (৬) সংযোজন করিয়াছে ঃ

(৬) সম্পূর্ণরূপে সরকারী মালিকানাধীন কোম্পানীর সৃষ্টি, অবসান, বিভক্তি বা একীভূত করিবার প্রস্তাব বিবেচনা করা।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বদিউর রহমান**
যুগ্ম-সচিব
ফোন ঃ ৭১৬৫৫১০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১০ মে ২০০৩/২৭ বৈশাখ ১৪১০

নং **মপবি/কঃবিঃশাঃ/মসকগ-২(অংশ-১)/২০০১/১৩২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৩ শে সেপ্টেম্বর ২০০২/৮ আশ্বিন) ১৪০৯ তারিখের মপবি/কঃবিঃশাঃমসকগ-২(অংশ-১)/২০০১/২১৯ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির কার্যপরিধির ক্রমিক নং (৪) এর পর নিম্নরূপ ক্রমিক নং (৫) সংযোজন করিয়াছে ঃ—

(৫) সম্পূর্ণরূপে সরকারী মালিকানাধীন কোম্পানীর সৃষ্টি, অবসান, বিভক্তি বা একীভূত করিবার প্রস্তাব বিবেচনা করা।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বদিউর রহমান**
যুগ্ম-সচিব
ফোন ঃ ৭১৬৫৫১০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১২ মে ২০০৩/২৯ বৈশাখ ১৪১০

নং **মপবি/কঃবিঃশাঃ/মসকগ-৪/৯৯/১৩৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের গত ১৯-১০-২০০২/৪-৭-১৪০৯ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসকগ-৪/৯৯/২৩৭-নম্বর প্রজ্ঞাপনমূলে জাতীয় পর্যায়ে গঠিত কৃষি কমিটিতে ক্রমিক নং (১) এ সভাপতির পর নিম্নরূপভাবে ক্রমিক নং (২) এ সহ-সভাপতি অন্তর্ভুক্ত করিয়াছে ঃ

**সহ-সভাপতি**

(২) প্রতিমন্ত্রী, কৃষি মন্ত্রণালয়।

এই অন্তর্ভুক্তির ফলে কমিটির সদস্যবৃন্দের ও সদস্য-সচিবের পূর্ব ক্রমিক (২) হইতে (৩০) এর প্রত্যেকটি ক্রমিক পরিবর্তিত হইয়া যথাক্রমে (৩) হইতে (৩১) হইবে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**বদিউর রহমান**
যুগ্ম-সচিব
ফোন ঃ ৭১৬৫৫১০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৪ জুন ২০০৩/২১ জ্যৈষ্ঠ ১৪১০

নং **মপবি/কঃবিঃশাঃ/বিক-১/২০০৩/১৫৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সুন্দরী গাছের আগা-মরার প্রকৃত কারণ অনুসন্ধানসহ তাহা অপসারণের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়, | - | আহ্বায়ক |
| (২) | প্রতিমন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়, | - | সদস্য |
| (৩) | শেখ তৈয়বুর রহমান, মেয়র, খুলনা সিটি কর্পোরেশন | - | ঐ |
| (৪) | শাহ মোঃ রুহুল কুদ্দুছ, সংসদ সদস্য, খুলনা-৬ | - | ঐ |
| (৫) | জনাব এ, এম, রিয়াছাত আলী, সংসদ সদস্য, সাতক্ষীরা-৩ | - | ঐ |
| (৬) | জনাব গাজী নজরুল ইসলাম, সংসদ সদস্য, সাতক্ষীরা-৫ | - | ঐ |
| (৭) | জনাব এম, এ, এইচ সেলিম, সংসদ সদস্য, বাগেরহাট-২ | - | ঐ |
